# কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়: তাওহীদের ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ২. ৪. ৭. ইবাদতের তাওহীদই সকল নবী-রাসূলের দাও‘আত

ইবাদততের তাওহীদই ছিল যুগে যুগে সকল নবী-রাসূলের প্রথম ও মূল দাও‘আত। কুরআন কারীম থেকে আমরা জানতে পারি যে, সকল নবী ও রাসূল তাঁর উম্মাতকে একমাত্র আল্লাহর ইবাদত করতে আহবান করেছেন। প্রথম রাসূল নূহ (আঃ) সম্পর্কে আল্লাহ বলেন:

لَقَدْ أَرْسَلْنَا نُوحًا إِلَى قَوْمِهِ فَقَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَهٍ غَيْرُهُ

‘‘আমি তো নূহকে পাঠিয়েছিলাম তার সম্প্রদায়ের নিকট এবং সে বলেছিল, ‘হে আমার সম্প্রদায়, আল্লাহর ইবাদত কর, তিনি ব্যতীয়ত তোমাদের অন্য কোনো ইলাহ (মাবূদ বা উপাস্য) নেই।’’[1]

হূদ (আঃ) সম্পর্কে আল্লাহ বলেন:

وَإِلَى عَادٍ أَخَاهُمْ هُودًا قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَهٍ غَيْرُهُ

‘‘‘আদ জাতির নিকট তাদের ভ্রাতা হূদকে পাঠিয়েছিলাম। সে বলেছিল, ‘হে আমার সম্প্রদায়, তোমরা আল্লাহর ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের অন্য কোনো ইলাহ নেই।’’[2]

সালিহ (আঃ) সম্পর্কে মহান আল্লাহ বলেন:

وَإِلَى ثَمُودَ أَخَاهُمْ صَالِحًا قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَهٍ غَيْرُهُ

‘‘সামূদ জাতির নিকট তাদের ভ্রাতা সালিহকে পাঠিয়েছিলাম। সে বলেছিল, ‘হে আমার সম্প্রদায়, তোমরা আল্লাহর ইবাদত কর। তিনি ব্যতীত তোমাদের অন্য কোনো ইলাহ নেই।’’[3]

শু‘আইব (আঃ) সম্পর্কে মহান আল্লাহ বলেন:

وَإِلَى مَدْيَنَ أَخَاهُمْ شُعَيْبًا قَالَ يَا قَوْمِ اعْبُدُوا اللَّهَ مَا لَكُمْ مِنْ إِلَهٍ غَيْرُهُ

‘‘মাদ্‌য়ানবাসীদের নিকট তাদের ভ্রাতা শু‘আইবকে পাঠিয়েছিলাম। সে বলেছিল, ‘হে আমার সম্প্রদায়, তোমরা আল্লাহর ‘ইবাদত কর, তিনি ব্যতীত তোমাদের অন্য কোনো ইলাহ নেই।’’[4]

সকল নবীকেই এই দায়িত্ব দেওয়া হয়েছিল:

وَمَا أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ مِنْ رَسُولٍ إِلا نُوحِي إِلَيْهِ أَنَّهُ لا إِلَهَ إِلا أَنَا فَاعْبُدُونِ

‘‘আমি তোমার পূর্বে কোনো রাসূলই প্রেরণ করি নি এই ওহী ব্যতীত যে, আমি ব্যতীত অন্য কোনো ইলাহ নেই, সুতরাং আমারই ইবাদত কর।’’[5]

আমরা দেখেছি যে, অন্য আয়াতে এ বিষয়ে বলা হয়েছে: ‘‘আল্লাহর ইবাদত করার এবং তাগূতকে বর্জন করার

নির্দেশ দিয়ে আমি প্রত্যেক জাতির মধ্যে রাসূল প্রেরণ করেছি।”

## ফুটনোট

[1] সূরা (৭) আরাফ: ৫৯ আয়াত। আরো দেখুন: সূরা (১১) হূদ: ২৫-২৬ আয়াত।
[2] সূরা (৭) আরাফ: ৬৫ আয়াত। আরো দেখুন: সূরা (১১) হূদ: ৪৯ আয়াত।
[3] সূরা (৭) আরাফ: ৭৩ আয়াত। আরো দেখুন: সূরা (১১) হূদ: ৬১ আয়াত।
[4] সূরা (৭) আরাফ: ৮৫ আয়াত। আরো দেখুন: সূরা (১১) হূদ: ৮৪ আয়াত।
[5] সূরা (২১) আম্বিয়া: ২৫ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13618

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন